

শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনিস্টিটিউট

শ্রেণি - প্রথম

বিষয় বাংলা

কবিতা - বড়াই কবি - সুকুমার রায়

নির্দেশাবলি কবিতাটি কবির নাম সহ মুখস্থ করো। (পৃষ্ঠা ৫২, ৫৩)

এককথায় / পূর্ণবাক্যে উত্তর দাও :-

১) " বড়াই" কথাটির অর্থ কী ?

উ:- বড়াই কথার অর্থ অহঙ্কার অর্থাৎ নিজের কোনো গুণকে সেরা মনে করে জাহির করা বা সকলের কাছে বলে বেড়ানোকে বলে বড়াই।

২)- কবি সুকুমার রায়ের লেখা দুটি বিখ্যাত কবিতার বইয়ের নাম লেখো।

উ:- আবোল তাবোল , হ -য-ব-র-ল।

৩) ব্যাঙ কোথায় বাসা বেঁধেছিল ?

উ:- ব্যাঙ গাছের গোড়ায় গর্তে বাসা বেঁধেছিল।

৪) মনের সুখে গাল ফুলিয়ে গান করছিল কে ? [নিজে করো]

৫) হাতিটি কার ছিল ? [নিজে করো]

৬) ব্যাঙ ভয় পেয়েছিল কেন ?

উ:- রাজার বিশাল আকারের হাতিকে পিঠে জাঁকজমক পূর্ণ বসার আসন অর্থাৎ হাওদা নিয়ে হেলে দুলে এগিয়ে আসতে দেখে ব্যাঙ ভয় পেয়েছিল।

৭) ব্যাঙ ভয় পেয়ে কী করল ? [নিজে করো]

৮) রাজার হাতির চলার ধরন কত রকমের ছিল ? [নিজে করো]

৯) চড়াই পাখি গাছের কোথায় ছিল ? [নিজে করো]

১০) "ভাই তাইত তোরে বলি অমনি ভাবে চলি"।-

কথাটি কে কাকে বলেছিল ? [নিজে করো]

১১) চড়াই পাখি অবাক হয়েছিল কেন?

উ:- রাজার হাতির মেজাজ ভালো না থাকায়, সে হঠাৎ রেগে গাছের ডাল খুব সহজে মটাং করে ভেঙে ফেলল। সেই সময় চড়াই পাখি, হাতির দেহের শক্তি বা জোর দেখে অবাক হয়েছিল।

১২) এই কবিতায় কে কার কাছে বড়াই করেছিল?

উ:- ব্যাঙ, চড়াই পাখির কাছে বড়াই করেছিল।

১৩) ব্যাঙের মনে কীসের বড়াই ছিল?

উ:- ব্যাঙ মনে করে যে, যাদের চারটি পা আছে তাদের গায়ে হাতির মতো জোর আছে অর্থাৎ দেহের শক্তির বড়াই করেছিল।

১৪) এই কবিতায় কয়টি প্রাণী পেলে? [নিজে করো]

১৫) এই কবিতায় কে কাকে "ভাই" বলে ডেকেছিল? [নিজে করো]

১৬) ব্যাঙের বড়াই করাটা কী উচিত না অনুচিত ছিল?

উ:- ব্যাঙের বড়াই করাটা অনুচিত ছিল কারণ তার চারটি পা থাকলেও হাতির মতো তার দেহের শক্তি ও আকার কোনোটাই ছিল না।

১৭) বিপরীত শব্দ লেখো :-

ক) গোড়ায় - আগায়

খ) সুখে - দুঃখে

১৮) বাক্য রচনা :- [নমুনা]

বাসা - বাবুই পাখির বাসা উল্টানো কুঁজোর মতো দেখতে হয়।

-: বাড়ির কাজ :-

➤ **বাক্য রচনা করো** হাতি, চড়াই, ব্যাঙ, গাছ, চারপেয়ে

➤ **শূন্যস্থান পূরণ করো :-**

রাজার হাতি _____ হাজার _____ চাল।

বইয়ের শব্দার্থ অভ্যাস করবে।

- বি:দ্র: ছাত্র ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment box এ পাঠাও
- নিজের নাম, শ্রেণি,বিভাগ, ও ক্রমিক সংখ্যা এবং যোগাযোগ নম্বর উল্লেখ করবে
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRM